

# ভারত-ইইউ সংযোগ সম্মেলন

31শে মে, 2023

পররাষ্ট্র মন্ত্রণালয়, ভারতে ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি দল এবং এশিয়ান কনফ্লুয়েন্স (যৌথভাবে ০১-০২ জুন ২০২৩ পর্যন্ত মেঘালয়ে ভারত-ইইউ কানেক্টিভিটি কনফারেন্সের আয়োজন করেছে। এই সম্মেলনের উদ্দেশ্য হল ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে এবং ভারতের প্রতিবেশী (নেপাল, ভুটান এবং বাংলাদেশ) এর সাথে যোগাযোগ বিনিয়োগ বাড়ানোর সম্ভাবনাগুলি অনুসন্ধান করা।

২. ২০২১ সালের মে মাসে ভারত-ইইউ নেতাদের বৈঠকে ভারত-ইইউ কানেক্টিভিটি পার্টনারশিপের ফল স্বরূপ এই সম্মেলন চালু করা হয়। যৌথ বাস্তবায়নের জন্য কংক্রিট প্রকল্প চিহ্নিত করার লক্ষ্যে ডিজিটাল, জ্বালানি এবং পরিবহন এই তিনটি স্তরের মাধ্যমে সংযোগের উপর এই সম্মেলনে মনোনিবেশ করা হবে। সম্প্রতি শেষ হওয়া ভারত-ইইউ ড্রেড অ্যান্ড টেকনোলজি কাউন্সিলের (টিটিসি) মন্ত্রী পর্যায়ের বৈঠকেও এটি একটি গুরুত্বপূর্ণ ডেলিভারি হিসাবে চিহ্নিত করা হয়েছিল।

মেঘালয়ের মুখ্যমন্ত্রী শ্রী কনরাড কংকাল সাংমা এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রী ডঃ রাজকুমার রঞ্জন সিং সম্মেলনের উদ্বোধন করবেন। ভারত সরকার, ইইউ কমিশন, ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির সরকার, নেপাল, ভুটান এবং বাংলাদেশ সরকার এবং বেসরকারী খাতের স্টেকহোল্ডাররা এই বিষয়ে তাদের অন্তর্দৃষ্টি এবং মতামত প্রদান করবেন বলে আশা করা হচ্ছে।

**নয়া দিল্লি**

**31শে মে, 2023**